



BANGLADESH JEWELLER'S ASSOCIATION

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন

২৩ ফেব্রুয়ারি- ২০২৩

‘বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৩’

সংবাদমাধ্যমে প্রকাশিত ও প্রচারিত প্রতিবেদন আহ্বান

জুয়েলারি শিল্প এ দেশের ইতিহাস, ঐতিহ্য ও অর্থনীতির প্রাচীনতম অনুষ্ণের অন্যতম। বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে এ খাতে বাংলাদেশের সম্ভাবনা দিন দিন বাড়ছে। সঠিক পরিকল্পনা ও বৃহৎ বিনিয়োগ নিশ্চিত করা গেলে জুয়েলারির বিশ্ববাজারে বাংলাদেশ গুরুত্বপূর্ণ অবস্থান করে নিতে পারে। নতুন বিনিয়োগ, কর্মসংস্থান সৃষ্টি, স্থানীয় বাজারের বিকাশ এবং রপ্তানি থেকে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে এ শিল্প খুলে দিতে পারে।

তবে বিপুল সম্ভাবনা সত্ত্বেও জুয়েলারি শিল্পের সামনে রয়েছে নানা প্রতিবন্ধকতা। এসব সীমাবদ্ধতা দূর করে সম্ভাবনার দুয়ার খুলে দিতে এ খাতের বর্তমান অবস্থা, ভবিষ্যত সম্ভাবনা ও সমস্যার প্রকৃত চিত্র উঠে আসা জরুরি। এক্ষেত্রে গণমাধ্যমে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ বাস্তবতায় জুয়েলারি শিল্প নিয়ে তথ্যবহুল, অনুসন্ধানী ও গবেষণাধর্মী কাজে গণমাধ্যম কর্মীদের উৎসাহিত করা এবং সেরা প্রতিবেদনগুলোকে আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদানের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন- বাজুস। সেই লক্ষ্যে প্রথমবারের মতো ‘বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৩’ প্রদান করা হবে। এজন্য গণমাধ্যমে প্রকাশিত ও প্রচারিত সংবাদ প্রতিবেদন আহ্বান করা হচ্ছে।

যেসব ক্যাটাগরিতে ‘বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৩’ প্রদান করা হবে-

স্বর্ণ ও জুয়েলারি শিল্প খাত নিয়ে সেরা প্রতিবেদনের জন্য নিম্নলিখিত ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবে-

১. সংবাদপত্র (বাংলা): বাংলাদেশ থেকে প্রকাশিত বাংলা সংবাদপত্রে প্রকাশিত সেরা প্রতিবেদন।
২. সংবাদপত্র (ইংরেজি): বাংলাদেশ থেকে প্রকাশিত ইংরেজি সংবাদপত্রে প্রকাশিত সেরা প্রতিবেদন।
৩. অনলাইন নিউজপোর্টাল: বাংলাদেশ থেকে পরিচালিত অনলাইন নিউজপোর্টালে প্রকাশিত সেরা প্রতিবেদন।
৪. টেলিভিশন: বাংলাদেশের যে কোনো টেলিভিশনে সম্প্রচারিত সংবাদ প্রতিবেদন।

প্রতিবেদনের বিষয়

১. বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের জুয়েলারি শিল্পের অবস্থা, ২. স্বর্ণ নীতিমালার বাস্তবায়ন, ৩. অলঙ্কারের মান ও ডিজাইন
৪. রপ্তানি সম্ভাবনা ও প্রতিযোগিতা সক্ষমতা, ৫. অর্থনীতিতে জুয়েলারি শিল্পের অবদান, ৬. বিনিয়োগ চ্যালেঞ্জ ও সম্ভাবনা, ৭. রাজস্ব ব্যবস্থাপনা ও নীতিগত ইস্যু, ৮. হয়রানি ও প্রতিবন্ধকতা, ৯. চোরাচালান প্রতিরোধ ইত্যাদি।

পুরস্কারের সংখ্যা ও মান

প্রতিটি ক্যাটাগরিতে ৩টি করে মোট ১২টি পুরস্কার দেয়া হবে। দেশের প্রথিতযশা সাংবাদিকদের নিয়ে গঠিত একটি নিরপেক্ষ জুরীবোর্ড সকল প্রতিবেদনের মান যাচাই করবেন। এই জুরী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত। জুরী বোর্ডের মূল্যায়নের ভিত্তিতে প্রতিটি ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী সাংবাদিককে পুরস্কার প্রদান করা হবে। পুরস্কারের মান নিম্নরূপ-

প্রথম পুরস্কার (প্রত্যেক ক্যাটাগরিতে একটি): ১ লাখ ৫০ হাজার টাকা মূল্যমানের স্বর্ণপদক এবং সম্মাননাপত্র।

দ্বিতীয় পুরস্কার (প্রত্যেক ক্যাটাগরিতে একটি): ১ লাখ ২৫ হাজার টাকা মূল্যমানের স্বর্ণপদক এবং সম্মাননাপত্র।

তৃতীয় পুরস্কার (প্রত্যেক ক্যাটাগরিতে একটি): ১ লাখ টাকা মূল্যমানের স্বর্ণপদক এবং সম্মাননাপত্র।

BANGLADESH JEWELLER'S ASSOCIATION

Level-19, Bashundhara City Shopping Complex

Panthapath, Dhaka-1215, Bangladesh. Tel: 02-58151012



BANGLADESH JEWELLER'S ASSOCIATION

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন

প্রতিবেদন প্রকাশ বা প্রচারের সময়সীমা

২০২২ সালের ১ জুলাই থেকে ২০২৩ সালের ৩০ জুন পর্যন্ত সময়কালে প্রকাশিত বা প্রচারিত সংবাদ প্রতিবেদন 'বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৩'-এর জন্য বিবেচিত হবে।

প্রতিবেদন জমা দেওয়ার নিয়ম

১. একজন সাংবাদিক শুধুমাত্র একটি ক্যাটাগরিতে পুরস্কারের জন্য আবেদন করতে পারবেন। কোনো প্রতিযোগী একটির বেশি প্রতিবেদন জমা দিতে পারবেন না। তবে কোনো বিষয়ে ধারাবাহিক প্রতিবেদন প্রকাশিত বা প্রচারিত হলে সবগুলো পর্ব মিলে একটি প্রতিবেদন বিবেচিত হবে।
২. সংবাদপত্র (বাংলা ও ইংরেজি উভয়) এবং অনলাইন নিউজপোর্টালে প্রকাশিত প্রতিবেদনের ক্ষেত্রে প্রকাশের তারিখসহ মূল কপি এবং কম্পোজ করা এক কপি প্রতিবেদন জমা দিতে হবে। মূল কপি সংশ্লিষ্ট সংবাদপত্র ও অনলাইনের সম্পাদক/বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক-এর যে কোনো একজনের সত্যায়িত হতে হবে। কম্পোজ করা কপির কোথাও রিপোর্টার ও সংবাদপত্র/অনলাইনের নাম উল্লেখ করা যাবে না। এটি সত্যায়িত করারও প্রয়োজন নেই।
৩. টেলিভিশনে সম্প্রচারিত প্রতিবেদনের ক্ষেত্রে প্রচারিত রিপোর্টের সিডি কপি জমা দিতে হবে। সেইসঙ্গে সংবাদ পাঠকের পঠিত অংশসহ (লিঙ্ক) রিপোর্টের লিখিত স্ক্রিপ্ট জমা দিতে হবে। রিপোর্ট প্রচারের তারিখ উল্লেখসহ সংশ্লিষ্ট টেলিভিশনের বার্তা প্রধান/প্রধান বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদকের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
৫. প্রতিবেদনের সঙ্গে প্রতিবেদকের মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত এবং এক কপি ছবি জমা দিতে হবে।

প্রতিবেদন জমা দেয়ার শেষ সময়

অ্যাওয়ার্ডের জন্য মনোনয়ন পেতে আগ্রহী সাংবাদিকদের আগামী ১৫ জুলাই, ২০২৩ বিকেল ৫টার মধ্যে নিচে উল্লেখিত ঠিকানায় সরাসরি বা ডাকযোগে প্রতিবেদন জমা দিতে হবে। খামের উপর সুস্পষ্টভাবে ক্যাটাগরি উল্লেখ করতে হবে।

প্রতিবেদন জমার ঠিকানা:

বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৩

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন- বাজুস

লেভেল- ১৯, বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্স, পান্থপথ, ঢাকা- ১২১৫, বাংলাদেশ।

ফোন: +৮৮০২৫৮১৫১০১২, হটলাইন: +৮৮০৯৬১২১২০২০২

ইমেইল: info@bajus.org, ওয়েবসাইট: www.bajus.org